# বিয়াম পরিচালনা বোর্ডের ৭৪তম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১.০ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ :** | কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় ৭৪তম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | বাস্তবায়িত |
| ২.০ | **৭৪তম বোর্ড সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ** | | |
| | **২.১ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর জন্য ২৫.৫৭ কোটি টাকার আইসিটি সরঞ্জামাদি খাতে বরাদ্দ প্রদানঃ** | বাংলাদেশ সরকারের নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন' শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থাপিত ডাটা সেন্টার রক্ষণাবেক্ষণসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ<br>১) সম্মানিত সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, সচিব, ভূমি মন্ত্রণালয়- (বর্তমানে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ) আহবায়ক, ২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কর্তৃক মনোনীত উপসচিব বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা, ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়- সদস্য, ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়- সদস্য, ৫) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধি– সদস্য এবং ৫) পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা- সদস্য সচিব। | সিদ্ধান্ত অনুসারে কমিটি গঠন করা হয়েছে। পুলিশের ৯৯৯ সার্ভিসের ব্যকআপ সার্ভার হিসাবে ডাটা সেন্টারটি ব্যবহারের লক্ষ্যে পুলিশ কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন করা হয়েছে। এ বিষয়ে অদ্যকার সভায় বিবিধ আলোচ্যসূচির ৭ (গ) –তে আলোচনার জন্য নির্ধারিত রয়েছে। |
| | **২.২ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে স্টাফ কোয়ার্টার এবং পরিচালকের বাসভবন নির্মাণ সংক্রান্ত;** | কক্সবাজার ফাউন্ডেশনের জায়গায় কত উচ্চতা পর্যন্ত ভবন নির্মাণ করা যাবে তা নির্ধারণের জন্য মার্চ/২০২৩ মাসের মধ্যে কাগজ-পত্র সংগ্রহ করে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে মতামত গ্রহণ করতে হবে এবং পরবর্তীতে চুয়েট বা অন্য কোন সংস্থা কর্তৃক উপযুক্ত একটি মাস্টার প্ল্যান তৈরি করাতে হবে। | • কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে সিভিল এভিয়েশন বরাবর আবেদন করা হয়েছে। সিভিল এভিয়েশন হতে চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়নি। অনুমোদন পাওয়া গেলে পরবর্তীতে ব্যবস্থা নেয়া হবে।<br>• সিভিল এভিয়েশনের চাহিদা মত তথ্য সরবরাহ করা হয়েছে। তাদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| | **২.৩ বিয়াম ফাউন্ডেশনের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিজাইন অনুমোদন সংক্রান্ত;** | ক) বিয়াম ফাউন্ডেশনের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমিটরি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্কুল ও কলেজ ভবনের সামনে নির্মিতব্য ভবনের ডিজাইন আংশিক সংশোধনপূর্বক অনুমোদন দেয়া হলো (পরিশিষ্ট-‘ক’)। বাসা’র অফিস ও সভাকক্ষসহ ২টি ফ্লোর সংরক্ষিত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | ক) সিদ্ধান্ত মোতাবেক পরিচালনা পর্ষদের সদস্য ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম এবং স্থাপত্য অধিদপ্তর, প্রধান স্থপতি জনাব মীর মনজুরুর রহমান ও অন্যান্য কর্মকর্তাসহ ২৩/৩/২০২৩ তারিখে একটি সভা করে স্থাপত্য নক্সা পর্যালোচনা করা হয়। প্রধান স্থপতি |

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | | জানান যে, রাজউক প্রদত্ত Land Use Clearance Certificate (LUC) ব্যতিত আর্কিটেকচারাল ডিজাইন চূড়ান্ত করা সম্ভব নয়। LUC গ্রহণের জন্য নির্ধারিত ফরম পূরণ পূর্বক রাজউক এ আবেদন করা হয়। রাজউক এর নির্দেশনা অনুযায়ী একাধিকবার ল্যান্ড এরিয়ার নক্সা সংশোধন করা হয়। LUC অনুমোদন সংক্রান্ত রাজউকের সভা ১৪/৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভায় হাতির ঝিল এলাকা বিবেচনায় পাড় হতে ৩৫° ডিগ্রি কোনে ভবনের উচ্চতা নির্ধারণ করা হয়েছে মর্মে অনানুষ্ঠানিকভাব জানানো হয়েছে । তবে LUC পাওয়া যায়নি। LUC অনুযায়ী নির্বাচিত স্থানে (স্কুল ভবনের সামনে) প্রস্তাবিত ভবন ৫ তলার বেশি উচ্চতা পাওয়া যাবে না। ফলে বিকল্প হিসাবে বিয়াম এর মূল ভবনের সামনে প্রস্তাবিত ভবনের নক্সা প্রস্তুতের জন্য কনসালটেন্সি ফার্ম কে অনুরোধ করা হয়েছে। শিঘ্রই স্থাপত্য নক্সা পাওয়া যাবে।<br>উল্লেখ্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপত্বে অনুষ্ঠিত সভায় BASA-এর অফিসের জন্য (৪র্থ তলায়) সভাপতি মহোদয়ের একটি কক্ষ (২৫×২০ ফুট), একটি পেন্ট্রি রুম ও একটি পিএ রুম রাখা হয়েছে এবং অনুরূপভাবে মহাসচিব, মহোদয়ের জন্য একটি কক্ষ (১৪×১৯ ফুট) একটি পেন্ট্রি রুম ও একটি পিএ রুম রাখা হয়েছে। উক্ত ফ্লোরে ৫৫ আসনের একটি মিনি কনফারেন্স রুম রাখা হয়েছে। এ ছাড়াও উক্ত ফ্লোর সংলগ্ন একটি ফ্লোরে (৩য় তলায়) একটি কনফারেন্স ও একটি সেমিনার রুম এর প্রস্তাব করা হয়েছে। |
| | | খ) হাতির ঝিল সংলগ্ন উক্ত অব্যবহৃত ও খালি জমিতে খেলার মাঠ, গার্ডিয়ান শেড ও ৪/৫টি টিনশেড শ্রেণিকক্ষ অস্থায়ীভাবে নির্মাণের বিষয়টি বোর্ডের সদস্য ও রাজউকের চেয়ারম্যানের সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগের মাধ্যমে সমাধান করতে হবে। | খ) সিদ্ধান্ত অনুসারে রাজউকের সঙ্গে যোগাযোগ অব্যাহত রয়েছে। রাজউক চেয়ারম্যান সরেজমিনে স্থানটি পরিদর্শন করেছেন। এ বিষয়টি সক্রিয় বিবেচনাধীন রয়েছে। |

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ৩.০ | **বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজার এর ডিসেম্বর/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত আয়-ব্যয় ও সংশোধিত বাজেট অনুমোদন;** | ক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজার এর ডিসেম্বর/২০২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত আয়- ব্যয় অনুমোদন দেয়া হলো। তবে আয়-ব্যয়ের সাথে ব্যাংক স্থিতি মিলিয়ে সভার কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। (ব্যাংক statement সংযুক্ত)<br>খ) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজার এর সংশোধিত বাজেট অনুমোদন দেয়া হলো। | ক) বাস্তবায়িত।<br>খ) বাস্তবায়িত। |
| ৪.০ | **বিয়াম ফাউন্ডেশনের মাল্টিপারপাস হলে বিয়ে, জন্মদিনসহ সামাজিক অনুষ্ঠানের জন্য ভাড়া প্রদান বিষয়ক আলোচনা;** | গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ৩টি সুপারিশের মধ্যে ক্রমিক নং -১ ও ৩ বহাল রেখে এবং ২নং ক্রমিক স্থগিত করে মাল্টিপারপাস হলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্যদের বিয়ে, জন্মদিনসহ সামাজিক অনুষ্ঠানের জন্য ভাড়া প্রদানের বিষয়টি অনুমোদন করা হলো। পরবর্তীতে প্রয়োজন হলে সুপারিশের ক্রমিক নং-২ বিবেচনা করা যেতে পারে। | বাস্তবায়িত। |
| ৫.০ | **বিবিধ।** | | |
| | **ক) ০২ জন উপদেষ্টার মেয়াদ শেষ হওয়ার বিষয়ে আলোচনা;** | জনাব এ. এন. সামসুদ্দিন আজাদ চৌধুরী, সচিব (অবসরপ্রাপ্ত) এবং জনাব আবদুল মালেক, সচিব (অবসরপ্রাপ্ত) (বর্তমানে চেয়ারম্যান তথ্য কমিশন) উপদেষ্টা হিসাবে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনঃমনোনয়ন প্রদান করা হলো। | বাস্তবায়িত। |
| | **খ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্রের ব্যয়সীমা পুনঃনির্ধারণ;** | বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০১৯ এর ৮(জ) –তে ব্যয়সীমা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার স্থলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পুনঃনির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত। |
| | **গ) বিয়াম আঞ্চলিক কেন্দ্র বগুড়া ও কক্সবাজার-এর শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি সংশোধন বিষয়ে** | বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র বগুড়া ও কক্সবাজার এর শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি সভাপতি হিসেবে জেলা প্রশাসকের পূর্বের কমিটি পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ না করা পর্যন্ত বহাল থাকবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত। |

| ক্রম. নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | **জেলা প্রশাসক, বগুড়া-এর পত্র/প্রস্তাব সংক্রান্ত;** | | |
| | **ঘ) বিয়াম ক্যান্টিনের খাদ্য মূল্য তালিকা পুনঃনির্ধারণ;** | প্রস্তাবিত মূল্য তালিকা হতে কিছু আইটেম বাদ এবং কিছু আইটেম এর প্রস্তাবিত মূল্য হ্রাস করে পুনঃনির্ধারণ সাপেক্ষে অনুমোদন দেয়া হলো। | বাস্তবায়িত। |
| | **ঙ) দেশের আকর্ষণীয় পর্যটন এলাকাসমূহে বিয়াম ফাউন্ডেশন কর্তৃক হোটেল/রিসোর্ট নির্মাণ ও পরিচালন;** | (ক) বিয়ামের আয় বৃদ্ধি, বিসিএস প্রশাসন ক্যাডারের বর্তমান/সাবেক কর্মকর্তাদের আবাসন ও পর্যটন সুবিধা প্রদানের লক্ষ্যে কক্সবাজারের সেন্টমার্টিন, রাঙ্গামাটির সাজেক, হবিগঞ্জে, খাগড়াছড়ির আলুটিলায় এবং পঞ্চগড়ের তেতুলিয়ায় জমি প্রাপ্যতা সাপেক্ষে বিয়াম কর্তৃক সরেজমিন পরিদর্শন করে সার্বিক পর্যালোচনাপূর্বক পরবর্তী ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবর বিয়ামের পক্ষ থেকে তফসীলসহ বন্দোবস্ত চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | • জমি প্রাপ্তিতে সহায়তা প্রদানের জন্য এসোসিয়েশনের সভাপতি কর্তৃক জেলা প্রশাসক, কক্সবাজারকে এবং মহাপরিচালক, বিয়াম কর্তৃক বিভাগীয় কমিশনারদের বরাবর পত্র দেওয়া হয়েছে।<br>• সাজেক, রাঙ্গামটির জমিটি বিয়ামের অনুকূলে বরাদ্দের জন্য এসোসিয়েশনকে অনুরোধ করা হয়েছে ও মাস্টার প্লান করার নিমিত্ত আর্কিটেক্ট এর সঙ্গে যোগাযোগ অব্যাহত আছে।<br>• আলুটিলা, খাগড়াছড়ির রেষ্ট হাউজটি বরাদ্দের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অনুরোধ করা হয়েছে।<br>• সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, পঞ্চগড়, নোয়াখালী, চট্টগ্রাম পার্বত্য জেলা ইত্যাদি বরাবর ডি.ও. পত্র দেওয়ার পর যোগাযোগ করা হয়েছে তবে উল্লেখযোগ্য সাড়া পাওয়া যায়নি। এ বিষয়ে বোর্ডের সহায়তা প্রয়োজন।<br>খ) সিদ্ধান্ত অনুসারে দ্রুত পরিদর্শন করে কার্যক্রম নেওয়া হবে। |